

তারিখ ... 26 JUN 2016  
পৃষ্ঠা ... ৫ কলাম ...

## ২০১৪ সালের দরখাস্তে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা সম্পর্কে

প্যানেল শিক্ষক নিয়োগ নিয়ে চলছে হ-য-ব-ব-ল।  
আমরা জানি বেসরকারি থাকাকলীন রেজি. প্রাথমিকে  
এক পরীক্ষার মাধ্যমে ৩৬,০০০ শিক্ষকের প্যানেল করা  
হয়। সেখান থেকে ইতোপৰ্বে ১০,০০০ শিক্ষক নিয়োগ  
করা হয়েছে। যখন ২০১০ সালে এই নিয়োগ এবং  
প্যানেল করা হয় তখন এসব রেজি. বিদ্যালয় সরকারি  
ছিল না। সুতরাং বেসরকারিভাবে দরখাস্ত এবং পরীক্ষা  
দিয়ে দীর্ঘ ছয় বছর পর সরকারিভাবে এত শিক্ষককে  
নিয়োগ করা সম্পূর্ণ ভিত্তিইন। এনিকে ২০১৪ সালে  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য এক  
বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্যানেল শিক্ষকদের এই  
জটিলতার কারণে এই নিয়োগ পরীক্ষা বন্ধ। তাই প্যানেল  
করা রেজি. শিক্ষকদের এভাবে নিয়োগ না দিয়ে ২০১৪  
সালের সরকারি প্রাথমিকের এই নিয়োগে অনুষ্ঠিতবা  
রিটার্ন পরীক্ষায় যারা পাস করেছে তাদের অগ্রাধিকার  
ভিত্তিতে নিয়োগ করা হোক। অর্থাৎ রেজি. প্রাথমিকের  
প্যানেল করা চাকরি প্রার্থীরা যাইহুই পরবর্তী সময়ে  
প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হবে সর্বাঙ্গে  
তাদের নিয়োগ করা হবে শর্ত দেওয়া হোক। এতে  
মেধার বিকাশ ঘটবে এবং প্রকৃত মেধাবী শিক্ষক পাওয়া  
যাবে অন্যাসেই।

মোহৃ. শিউলী খানম, অনার্স শেষ বর্ষ, রাষ্ট্র বিজ্ঞান  
সরকারি আজিজুল হক বিশ্ববিদ্যালয় কলেজ, বগুড়া